গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা -১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৫৮.১৫.২১৭০

তারিখ: ৩০/০৭/১৪২৯ বঙ্গাব্দ।
১৫/১১/২০২২ খ্রিষ্টাব্দ।

## সার্কুলার

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৫৮.১৫.২১৬৬, তারিখ: ১৪/১১/২০২২ খ্রি: মূলে জারিকৃত **বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জাতীয় সমাবেশ পুরস্কার নীতিমালা-২০২২** যথাযথভাবে প্রতিপালনের নিমিত্তে সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত-সূত্রপত্র-০৪ (চার) পাতা।

১৫/১১/২২

মুহাম্মদ মেহেদী হাসান, বিএএম, পিএএমএস
বিএভি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল : dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৫৮.১৫.২১৭০

তারিখ: ৩০/০৭/১৪২৯ বঙ্গাব্দ।
১৫/১১/২০২২ খ্রিষ্টাব্দ।

**অনুলিপিঃ**

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ৩। | কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ৫। | উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক রেঞ্জ (রেঞ্জের দায়িত্ব প্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ............................রেঞ্জ। | ” |
| ৬। | পরিচালক (সকল)........................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৭। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>.........আনসার ব্যাটালিয়ন.......................................................... | ” |
| ৮। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম। | ” |
| ৯। | পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | ” |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | ” |
| ১১। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ১২। | উপপরিচালক (সকল)............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ১৩। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয়,...........................................। | ” |
| ১৪। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম................। | ” |
| ১৫। | ওআইসি, ডিএমপি ২০০০ গ্রুপ, ঢাকা। | ” |
| ১৬। | উপপরিচালক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/সহকারী পরিচালক, ভিটিসি, গাজীপুর। | ” |
| ১৭। | সহকারী পরিচালক (সকল)..................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ১৮। | গণসংযোগ কর্মকর্তা/মেডিকেল অফিসার/ বাজেট কর্মকর্তা<br>(আনসার ও ভিডিপি)/ সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ১৯। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি অত্র বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২০। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য। |
| ২১। | অফিস/মাস্টার কপি। | |

১৫/১১/২২
পরিচালক (প্রশাসন)

D:\Babul\CURCOLAR.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৫৮.১৫. ২১৬৬

তারিখ: ২৯/০৭/১৪২৯ বঙ্গাব্দ।
১৪/১১/২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয় : **বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জাতীয় সমাবেশ পুরস্কার নীতিমালা-২০২২।**

**ভূমিকাঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী আইন-শৃঙ্খলা রক্ষাকারী ও আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডে নিয়োজিত এক বিশাল ও সুশৃঙ্খল বাহিনী। এ বাহিনীর সদস্যগণ অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা এবং সামাজিক নিরাপত্তা ও সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা পালন করছে। এসব ক্ষেত্রে বাহিনীর সদস্যদের প্রশংসনীয় কাজের জন্য জাতীয় সমাবেশ পুরস্কার প্রদানের বিধান রয়েছে। বিদ্যমান জাতীয় সমাবেশ পুরস্কারের বিধানকে হালনাগাদ করে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনামঃ** এই নীতিমালা "বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জাতীয় সমাবেশ পুরস্কার নীতিমালা-২০২২" নামে অভিহিত হবে।

৩। **পুরস্কারের জন্য বিবেচিত সদস্য/সদস্যাঃ** এই নীতিমালায় বাহিনীর নিম্নবর্ণিত সদস্য/সদস্যাগণ পুরস্কারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

ক। বাহিনীতে কর্মরত রাজস্ব খাতভুক্ত সকল পদবীর ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী ও সদস্য/সদস্যা।
খ। সকল পদবীর আনসার ব্যাটালিয়ন সদস্য (স্থায়ী/অস্থায়ী)।
গ। অঙ্গীভূত আনসার ও সাধারণ আনসার, হিল আনসার, বিশেষ আনসার এবং সকল পর্যায়ের আনসার কমান্ডার।
ঘ। ভিডিপি ও টিডিপি সদস্য/সদস্যা (দলনেতা/দলনেত্রীসহ)।

৪। **পুরস্কারের ক্ষেত্রঃ** নিম্নলিখিত ক্ষেত্রসমূহ এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রশংসনীয় বলে বিবেচিত অন্য যে কোন কাজের জন্য পুরস্কার প্রদান করা হবেঃ

ক। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় দৃষ্টান্তমূলক অবদান।
খ। আইন শৃঙ্খলা রক্ষা ও অস্ত্র উদ্ধারে সাহসী ও কৃতিত্বপূর্ণ ভূমিকা।
গ। দৃষ্টান্তমূলক কর্তব্য পরায়ণতা।
ঘ। মানবসম্পদ উন্নয়নে দৃষ্টান্তমূলক অবদান।
ঙ। দৃষ্টান্তমূলক সাংগঠনিক তৎপরতা।
চ। জনসেবা ও সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম।
ছ। অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশ রক্ষামূলক কার্যক্রম।
জ। নারী উন্নয়ন ও শিশু কল্যাণমূলক কার্যক্রম।

৫। **পুরস্কারের ধরণঃ** এই নীতিমালার আলোকে উপরে বর্ণিত প্রতিটি ক্ষেত্রে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও বিশেষ পুরস্কার প্রদান করা হবে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কারের জন্য মনোনীত হয়নি এমন প্রশংসনীয় কর্মকান্ডের জন্য বিশেষ পুরস্কার মঞ্জুর করা হবে।

৬। **পুরস্কারঃ** প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও বিশেষ পুরস্কারপ্রাপ্ত প্রত্যেকে একটি করে সম্মাননা পত্র ও ট্রফিসহ নিম্নরূপ এককালীন সম্মানী পাবেন।

ক। প্রথম পুরস্কার- ২০,০০০/- (বিশ হাজার) টাকা।
খ। দ্বিতীয় পুরস্কার- ১৫,০০০/- (পনের হাজার) টাকা।
গ। তৃতীয় পুরস্কার- ১০,০০০/- (দশ হাজার) টাকা।
ঘ। বিশেষ পুরস্কার- ৭,০০০/- (সাত হাজার) টাকা।

৭। **পুরস্কারের জন্য বিবেচ্যকালঃ** বিগত বছরের ১ নভেম্বর থেকে চলতি বছরের ৩১ অক্টোবর বিবেচ্যকাল। এ সময়ের কর্মকান্ডের ভিত্তিতে পুরস্কার প্রদান করা হবে।

৮। **প্রস্তাব প্রেরণ পদ্ধতিঃ** নীতিমালার ৪ নং অনুচ্ছেদ অনুসারে সমাবেশ পুরস্কারের প্রস্তাব নিম্ন পদ্ধতিতে প্রেরণ করতে হবেঃ

ক। **বাহিনীতে কর্মরত রাজস্ব খাতভুক্ত সকল পদবীর সদস্য/সদস্যার (আনসার ব্যাটালিয়ন সদস্য/সদস্যা ব্যতীত) জন্য:**

উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা এর অধীন কর্মরত রাজস্ব খাতভুক্ত সদস্যদের জাতীয় সমাবেশ পুরস্কার সংক্রান্ত আবেদন সমাবেশ পুরস্কারের জন্য উপযুক্ত বলে প্রতীয়মান হলে ০১ নভেম্বর এর মধ্যে ক্রোড়পত্র-'ক' অনুসারে প্রস্তাব আকারে প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক এর নিকট প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক এর নিকট উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ এবং সরাসরি প্রাপ্ত আবেদনসমূহ সমাবেশ পুরস্কারের জন্য উপযুক্ত বলে প্রতীয়মান হলে জাতীয় সমাবেশ পুরস্কারের জন্য ক্রোড়পত্র-'ক' অনুসারে প্রস্তাব রেঞ্জ কার্যালয়/মহানগর আনসার কার্যালয় বরাবর ০৫ নভেম্বর এর মধ্যে প্রেরণ করবেন।

খ। **সকল পদবীর আনসার ব্যাটালিয়ন সদস্য/সদস্যার জন্যঃ** সকল পদবীর আনসার ব্যাটালিয়ন সদস্য/সদস্যাদের আবেদন সংশ্লিষ্ট ব্যাটালিয়ন অধিনায়ক ক্রোড়পত্র-'ক' অনুসারে প্রস্তাব আকারে প্রস্তুত করবেন এবং ০৫ নভেম্বর এর মধ্যে সংশ্লিষ্ট রেঞ্জ কার্যালয়ে প্রেরণ করবেন। বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে অবস্থিত আনসার ব্যাটালিয়নের আবেদন একইভাবে ০৫ নভেম্বর এর মধ্যে কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি বরাবর প্রেরণ করতে হবে।

গ। **সংযুক্ত জনবলের জন্যঃ** ৬ মাসের বেশি সংযুক্ত থাকলে সংযুক্ত কর্মস্থল থেকে একই নিয়মে পুরস্কারের প্রস্তাব প্রেরণ করতে হবে।

ঘ। **সকল পদবীর অঙ্গীভূত আনসার, সাধারণ আনসার, হিল আনসার, বিশেষ আনসার, সকল পর্যায়ের আনসার কমান্ডার এবং ভিডিপি ও টিডিপি সদস্য/সদস্যাদের (দলনেতা/দলনেত্রীসহ) জন্য:** সকল পদবীর অঙ্গীভূত আনসার, সাধারণ আনসার, হিল আনসার, বিশেষ আনসার, সকল পর্যায়ের আনসার কমান্ডার, ভিডিপি ও টিডিপি সদস্য/সদস্যাদের কর্মতৎপরতার বিবরণসহ আবেদন যাচাই বাছাই করে সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা ০১ নভেম্বর এর মধ্যে ক্রোড়পত্র-'ক' অনুযায়ী প্রস্তাব প্রস্তুতপূর্বক জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক প্রাপ্ত সকল আবেদন বিবেচনা ও পর্যালোচনা করে সমাবেশ পুরস্কারের জন্য উপযুক্ত এক/একাধিক সদস্য/সদস্যা মনোনীত করবেন এবং সুনির্দিষ্ট মতামতসহ সুপারিশ ০৫ নভেম্বর এর মধ্যে রেঞ্জ কার্যালয়/মহানগর আনসার কার্যালয়ে প্রেরণ করবেন।

একই নিয়মে ভিটিসি ও টিটিসি ০১ নভেম্বর এর মধ্যে সদর দপ্তরের প্রকল্প-প্রশিক্ষণ শাখায় প্রেরণ করবে। প্রকল্প-প্রশিক্ষণ শাখা ১০ নভেম্বর এর মধ্যে ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করবে।

ঙ। **সদর দপ্তর/একাডেমি/রেঞ্জ কার্যালয়/মহানগর আনসার এর দায়িত্বঃ** প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাই করে সমাবেশ পুরস্কারের জন্য উপযুক্ত বলে বিবেচিত হলে প্রস্তাবসমূহের সফটকপি ddwelfare@ansarvdp.gov.bd ওয়েব মেইল ও হার্ডকপি ডাকযোগে ১০ নভেম্বর এর মধ্যে ওয়েলফেয়ার শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তরে প্রেরণ করবেন।

৯। **প্রস্তাবের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ** পুরস্কারের জন্য প্রেরিত সকল প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক। **বাহিনীতে কর্মরত রাজস্ব খাতভুক্ত সকল পদবীর সদস্য/সদস্যার জন্যঃ**

(১) দেশের সার্বভৌমত্ব রক্ষা, আইন-শৃঙ্খলা রক্ষা ও অস্ত্র উদ্ধারের ক্ষেত্রে থানার জিডির ছায়ালিপি (পার্বত্য অঞ্চলের আনসার ব্যাটালিয়ন সদস্যদের ক্ষেত্রে স্থানীয় সেনা কর্তৃপক্ষের সুপারিশ)।

(২) সাংগঠনিক কর্মতৎপরতার প্রত্যয়নসহ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ।

(৩) মানবসম্পদ উন্নয়নে দৃষ্টান্তমূলক অবদানের জন্য কাজের বিবরণ ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রাদি।

(৪) অন্যান্য দৃষ্টান্তমূলক কাজের ক্ষেত্রে প্রস্তাবের সাথে কাজের বিবরণ ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রাদি।

খ। **সকল পদবীর অঙ্গীভূত আনসার ও সাধারণ আনসার, হিল আনসার, বিশেষ আনসার, সকল পর্যায়ের আনসার কমান্ডার, ভিডিপি ও টিডিপি সদস্য/সদস্যাদের (দলনেতা/দলনেত্রীসহ) জন্যঃ**

(১) ভিডিপি ও টিডিপি সদস্য/সদস্যাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়নপত্র।

(২) আইন-শৃঙ্খলা রক্ষা ও অস্ত্র উদ্ধারে থানার জিডির ছায়ালিপি ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সুপারিশ (সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ)।

(৩) সকল ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক সুপারিশ।

১০। **পুরস্কার নির্ধারণ পর্ষদঃ** পুরস্কারের প্রস্তাবসমূহ বিবেচনা এবং নির্বাচনের জন্য সদর দপ্তরে পর্ষদের গঠন হবে নিম্নরূপঃ

| | |
|---|---|
| ক। অতিরিক্ত মহাপরিচালক | - সভাপতি |
| খ। উপমহাপরিচালক (প্রশাসন) | - সদস্য |
| গ। উপমহাপরিচালক (অপারেশনস্) | - সদস্য |
| ঘ। উপমহাপরিচালক (প্রশিক্ষণ) | - সদস্য |
| ঙ। পরিচালক (প্রশাসন) | - সদস্য |
| চ। পরিচালক (অর্থ) | - সদস্য |
| ছ। পরিচালক (অপারেশনস্) | - সদস্য |
| ঝ। উপপরিচালক (ওয়েলফেয়ার) | - সদস্য-সচিব |

উল্লেখ্য, কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১১। **পর্ষদের কাজঃ** নভেম্বর-ডিসেম্বর মাসের মধ্যে পর্ষদ প্রয়োজনীয় সংখ্যক সভায় মিলিত হয়ে প্রাপ্ত প্রস্তাবসমূহ বিবেচনা করে পুরস্কারের জন্য ব্যক্তি নির্বাচন করবেন। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ১৫ জানুয়ারির মধ্যে পুরস্কারের জন্য নির্বাচিতদের তালিকা সদর দপ্তর, একাডেমি, রেঞ্জ, জেলা, জোন ও আনসার ব্যাটালিয়নে পাঠাতে হবে।

১২। **পুরস্কার বিতরণঃ** পুরস্কারপ্রাপ্ত সদস্যগণের মধ্য হতে নির্দিষ্ট সংখ্যক সদস্য/সদস্যা মনোনয়ন করে জাতীয় সমাবেশ উপলক্ষ্যে অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের দরবারে পুরস্কার প্রদান করা হবে। অবশিষ্ট পুরস্কারপ্রাপ্ত সদস্য/সদস্যাগণের পুরস্কার সংশ্লিষ্ট মহানগর/রেঞ্জ/একাডেমির মাধ্যমে ইউনিটে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট ইউনিট প্রধান উক্ত সদস্য/সদস্যাদের পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সদর দপ্তরের সদস্য/সদস্যাগণের পুরস্কার ওয়েলফেয়ার শাখার মাধ্যমে প্রদান করা হবে।

১৩। **পুরস্কার গ্রহণের জন্য একাডেমিতে আগমনঃ** পুরস্কারপ্রাপ্ত সদস্য/সদস্যাগণের মধ্য হতে মনোনীত ব্যক্তিগণকে (বিশেষ পুরস্কার ব্যতীত) পুরস্কার গ্রহণের জন্য গমনাদেশসহ একাডেমিতে উপস্থিত হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে মহিলা সদস্যগণ একজন করে অভিভাবকসহ আসতে পারবেন।

১৪। **মরণোত্তর পুরস্কারঃ** মৃত ব্যক্তির পক্ষে তার স্ত্রী/স্বামী/সন্তান বা বৈধ উত্তরাধিকারী পুরস্কার গ্রহণ করবেন। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিট প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে।

১৫। **যাতায়াত ও আবাসনঃ** পুরস্কারের জন্য একাডেমিতে আগত মনোনীত ব্যক্তিদের যাতায়াত ভাড়া ও থাকা-খাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি কর্তৃপক্ষ গ্রহণ করবে।

১৬। **পুরস্কারের অর্থের উৎসঃ**

| ক্রমিক নং | সদস্যদের বিবরণ | অর্থের উৎস |
|---|---|---|
| ক। | সকল পদবীর আনসার ব্যাটালিয়ন, সকল পদবীর অঙ্গীভূত আনসার, সাধারণ আনসার, হিল আনসার, বিশেষ আনসার | বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল |
| খ। | উপজেলা মহিলা প্রশিক্ষিকা, মহিলা আনসার, ভিডিপি ও টিডিপি দলনেতা, ভিডিপি ও টিডিপি দলনেত্রী, উপজেলা আনসার কোম্পানী কমান্ডার, উপজেলা আনসার সহকারী কোম্পানী কমান্ডার, ইউনিয়ন আনসার কমান্ডার, ইউনিয়ন সহকারী আনসার কমান্ডার, ভিডিপি ও টিডিপি সদস্য/সদস্যা এবং হিল ভিডিপি | বাংলাদেশ ভিডিপি (সরকারি) কল্যাণ তহবিল |
| গ। | বাহিনীতে কর্মরত রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল পদবীর কর্মচারী (সকল পদবীর আনসার ব্যাটালিয়ন সদস্য/সদস্যা, উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা ও মহিলা আনসার ব্যতীত) | মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল |

১৭। **পর্ষদ সম্মানীঃ** প্রতি সভায় পর্ষদের সদস্যগণ জন প্রতি ২,০০০/- টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন এবং সভার কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মচারী জন প্রতি ১,০০০/- টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন। উক্ত অর্থ মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল থেকে নির্বাহ করা হবে।

১৮। **পুরস্কার প্রাপ্তদের তালিকাঃ** পুরস্কার প্রাপ্তদের তালিকা সদর দপ্তর ওয়েলফেয়ার শাখায় সংরক্ষণ করা হবে এবং মাসিক প্রতিরোধ পত্রিকায় পর্যায়ক্রমে ছাপানো হবে।

১৯। **সংযোজন/সংশোধনঃ** প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নীতিমালাটি সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা যাবে।

২০। এই নীতিমালার দ্বারা এ সংক্রান্ত পূর্বে জারিকৃত নীতিমালা ও সংশোধনী (স্মারক নং-গস/খ-৪৭৮৫/আভি-৭৮৯, তারিখ: ১৮/০৭/২০০৬ খ্রিঃ ও স্মারক নং-গস/খ-৪৭৮৫/আভি-৫২৫, তারিখ: ১৯/০৮/২০০৯ খ্রিঃ) এবং এতৎসংক্রান্ত সকল আদেশ বাতিল করা হলো।

২১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জাতীয় সমাবেশ পুরস্কার নীতিমালা-২০২২ জারির তারিখ হতে কার্যকর হবে।

২২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নীতিমালা জারি করা হলো।

সংযুক্ত: ক্রোড়পত্র-ক ০১ (এক) পাতা।

১৪/১০/২২


মুহাম্মদ মেহেদী হাসান, বিএএস, পিএসসি
বিএভি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল : dir_admin@ansarvdp.gov.bd

ক্রোড়পত্র-ক

## সমাবেশ পুরস্কারের প্রস্তাব প্রেরণের ছক (ইউনিট কর্তৃক পূরণকৃত)

| ক্রঃ নং | দপ্তর/কার্যালয় | বিএডি/রেজিঃ/স্মার্ট কার্ড নং, পদবী, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর | কাজের বিবরণ | তথ্য প্রমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

প্রস্তাবকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

সুপারিশকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

* **সম্ভাব্য তথ্য ও প্রমাণপত্র সমূহঃ**

১। উর্ধ্বতন দপ্তরে প্রেরিত ঘটনা প্রতিবেদন।

২। পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।

৩। ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।

৪। রেফারেন্স, বিবরণ ইত্যাদি (যদি থাকে)।

৫। উপযুক্ত কর্তৃপক্ষের/ব্যক্তির সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬। ভাতা ভিত্তিক/স্বেচ্ছাসেবী সদস্য/সদস্যাদের ক্ষেত্রে নিয়োগ আদেশ/নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রশিক্ষণ সনদের সত্যায়িত ছায়ালিপি।

৭। এছাড়াও অন্যান্য প্রমাণপত্র (যদি থাকে)।